

১১/১১/০৭

শরনখোলায় স্কাউটস বেসিক কোর্স

শরনখোলা (বাগেরহাট) থেকে
সংবাদদাতা ৯

সু-শৃঙ্খল ও সমৃদ্ধ জাতি গঠনে স্কাউট আন্দোলনের কোন বিকল্প নেই। আলোকিত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকল প্রতিষ্ঠানে স্কাউট আন্দোলন জোরদার করতে হবে। খুলনা আঞ্চলিক স্কাউটসের সহযোগিতায় ও শরনখোলা উপজেলা স্কাউটসের আয়োজনে অনুষ্ঠিত ৭ দিনব্যাপী ইউনিট লীডারদের বেসিক কোর্সের সমাপনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। সম্প্রতি কোর্স লীডার আসাদুল কবিরের সভাপতিত্বে এ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহনেওয়াজ তালুকদার। বিশেষ অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এনামুল হক, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা আব্দুর রহমান। উপজেলা সদরের আরকেডিএস বালিকা বিদ্যালয় চত্বরে অনুষ্ঠিত এ কোর্সে শরনখোলা, মোরেলগঞ্জ, ফকিরহাট ও চিতলমারী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ০২ জন ইউনিট লীডার অংশ নেন।



শরনখোলা (বাগেরহাট): উপজেলা স্কাউটসের বেসিক কোর্সে ইউনিট লিডারদের দীক্ষা গ্রহণ-ইত্তেফাক